

# ধনঞ্জয় চট্টোপাধ্যায়ের ফাঁসির পুনর্বিচার চাই

## মৃত্যুদণ্ড বিলোপ হোক চিরতরে

আগামী রবিবার, ৯ মাঘ / ২৪ জানুয়ারি সকাল ১১টায় বাঁকুড়ার ছাতনায়, কামারকুলি মোড়ে এক পথসভার আয়োজন করা হয়েছে। ১২ বছর আগে এই এলাকারই যুবক ধনঞ্জয় চট্টোপাধ্যায়কে ফাঁসিতে ঝোলানো হয়েছিল কলকাতার এক জেলে। যে অভিযোগে এই চরম সাজা, ধনঞ্জয়ের বিরুদ্ধে সেই অভিযোগ আদৌ ধোপে টেকে কি না, সে সময়েই তা নিয়ে প্রবল বিতর্ক হয়েছে। ছাতনার মানুষ ফাঁসি রদে পথে নেমেছিলেন। মৃত্যুদণ্ড চিরতরে বিলোপের দাবি উঠেছিল গোটা দেশেই। মানবাধিকার সংগঠন এ পি ডি আর সেই দাবিতে প্রচার আন্দোলন গড়ে তোলার পাশাপাশি ধনঞ্জয়ের সাজা মকুবে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল। কিন্তু শেষরক্ষা হয়নি।

দুই অধ্যাপকের সম্প্রতি প্রকাশিত প্রতিবেদন ধনঞ্জয়ের সাজা নিয়ে গুরুতর আরও বহু প্রশ্ন সামনে এনেছে। মানুষ মাত্রেরই ভুল করে, বিচারেও যে ভুলের সম্ভাবনা থাকে—চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিচ্ছে তাঁদের প্রতিবেদন। অথচ, মৃত্যুদণ্ড এমনই সাজা, ভুল শোধরানোর কোনও সুযোগ নেই! মানুষটাকে আর ফেরানো যায় না। মৃত্যুদণ্ড বাতিলের দাবি তাই পৃথিবী জুড়ে। ১৪০টির বেশি দেশে মৃত্যুদণ্ড রদও হয়েছে ইতিমধ্যে।

ধনঞ্জয়ের সাজা পুনর্বিচার এবং মৃত্যুদণ্ড বিলোপের দাবিতে আবারও পথে নেমেছেন বহু মানুষ, এ পি ডি আর-ও। রবিবার কামারকুলির মোড়ের পথসভায় দুই অধ্যাপকের পাশাপাশি বক্তব্য রাখবেন এ পি ডি আর কর্মীরাও। আপনারা উপস্থিত হয়ে, মত বিনিময়ের মধ্যে দিয়ে এই উদ্যোগকে এগিয়ে নিয়ে চলুন।

জানুয়ারি ২০১৬

---

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি (এ পি ডি আর): ১৮ মদন বড়াল লেন, কলকাতা ৭০০ ০১২

বাঁকুড়ায় যোগাযোগ: বঙ্কেশ্বর রায়, ৯৪৩৪১ ৮৩৩৪১